New York State
ডিপার্টমেন্ট অফ স্টেট
ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেস
রুপ বর্ধন
P.O. BOX 22049
Albany, NY 12201-2049
গ্রাহক পরিষেবা: (518) 474-4429
www.dos.ny.gov

NEW YORK STATE OF OPPORTUNITY | Division of Licensing Services

কস্মেটোলজির আবেদন

আরো দ্রুত এবং সহজ প্রক্রিয়ার জন্য, ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেস আবেদকদের অনলাইনে আবেদন করার উৎসাহ দিচ্ছে। অনলাইন পরিষেবা ব্যবহার করে আপনি শীঘ্র আপনার আবেদন করতে পারবেন এবং হালখবর পাবেন এবং এর সাহায্যে আপনি লাইসেন্স প্রক্রিয়া চলাকালীন আপনার লাইসেন্স রেকর্ড দেখতে এবং অ্যাক্সেস করতে পারবেন।

***এখানে আমাদের ওয়েবসাইট দেখুন**: www.dos.ny.gov*

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে এই নির্দেশগুলির অনলাইন বিভাগ দেখে নিন।

আবেদন সম্পূর্ণ করার আগে সাবধানে নির্দেশগুলি পড়ে নিন। সব কটি ক্ষেত্র পূরণ করা আবশ্যক, অসম্পূর্ণ আবেদন ফেরত পাঠিয়ে দেওয়া হবে, তার ফলে লাইসেন্স পেতে দেরী হবে। কিছু বাদ দেওয়া হলে, ভুল তথ্য জানানো হলে বা আবেদনে অথবা সহায়ক দলিলে সম্পূর্ণ তথ্য না জানানো হল তা লাইসেন্স প্রত্যাখ্যান করার যথেষ্ট কারণ মনে করা হবে, বা যদি লাইসেন্স জারি করা হয়ে গিয়ে থাকে তাহলে সেই লাইসেন্স সাসপেন্ড বা নাকচ করে দেওয়া যায়।

কস্মেটোলজির কাজে কি কি করা?

কস্মেটোলজির কাজে স্বাভাবিক কেশবিন্যাস, সৌন্দর্য্যবর্ধন, নখের বৈশিষ্ট্য এবং ওয়াক্সিং পরিষেবা দেওয়া ছাড়াও মানুষের চুল, মাথা, মুখমন্ডল, গলা, ঘাড় বা করোটির পরিচর্যা থাকে, তাতে হাত বা যান্ত্রিক উপকরণ দিয়ে চুল বা দাড়ি শেভ করা, ট্রিম করা এবং ছাঁটা এবং অ্যান্টিসেপ্টিক, পাউডার, তেল, ক্লে বা কাদা, লোশন মাথা বা চুল, মাথা বা করোটিতে টনিক লাগানো থাকতে পারে এবং তাছাড়াও, সরাসরি বা পরোক্ষ, ফী বা অন্য বিবেচ্য বিষয় বা বিনিময়মমত, মানুষের চুলের রং বদল বা স্ট্রেটেন অর্থাৎ সোজা করা, কার্ল করা অর্থাৎ কোঁচকানো বা অন্য গঠনগত রদবদল করার জন্য ডাই, প্রতিক্রিয়াশীল রাসায়নিক, বা অন্যান্য প্রস্তুতি প্রয়োগ পরিষেবা দেওয়া হয়।

কার কস্মেটোলজির লাইসেন্সের জন্য আবেদন করা উচিৎ?

উপরোক্ত বর্ণনামত যারা কস্মেটোলজির অভ্যাস করছে আইনত তাদের সকলের কাছে কস্মেটোলজির লাইসেন্স থাকা প্রয়োজন। কস্মেটোলজির লাইসেন্সের সাহায্যে আপনি ব্যবসা করার অনুমতি পাবেন না, ব্যবসার জন্য একটা আলাদা আবেদন সম্পূর্ণ করতে হবে এবং পৃথকভাবে ব্যবসার লাইসেন্স নিতে হবে।

লাইসেন্স পাওয়ার জন্য আমার কাছে কি কি যোগ্যতা এবং সহায়ক দলিল থাকা দরকার?

আপনার বয়স যদি অন্তত 17 বছর হয়, এর ভিত্তিতে আপনি কস্মেটোলজির লাইসেন্সের আবেদন করতে পারেন:

1) *New York State এডুকেশন অ্যান্ড এক্সামিনেশন (অস্থায়ী লাইসেন্স পাওয়ার যোগ্যতা)*

   আপনার 1000 ঘন্টা অধ্যয়নের অনুমোদিত কোর্স সম্পূর্ণ করতে হবে এবং এই স্টেটে কাজ করার লাইসেন্স পাওয়ার জন্য New York State-এর লিখিত এবং প্রয়োগীয় দুটি পরীক্ষাতেই উত্তীর্ণ হতে হবে।

   কাগজের আবেদনে, আবেদন পত্রের **New York State -এর অনুমোদিত স্কুল দ্বারা নিশ্চিতকরণ** বিভাগ স্কুলের ডায়রেক্টরকে সম্পূর্ণ এবং স্বাক্ষর করে দিতে হবে।

   NYS লাইসেন্স সেন্টার দিয়ে অনলাইনে আবেদনের জন্য, আপনার অবশ্যই আপনার স্কুলের সার্টিফিকেটে তালিকাভুক্ত পাঠ্যক্রমের কোড জানাতে হবে। যেসব স্কুল অনলাইন সার্টিফিকেশন প্রোগ্রামে অংশ নেবে তাদের NYS লাইসেন্স সেন্টারের মাধ্যমে শিক্ষার্থীর দ্বারা কোর্স সম্পূর্ণ করা নিশ্চিত করতে হবে। যেসব স্কুল অনলাইন সার্টিফিকেশন প্রোগ্রামে অংশ নেবে না সেক্ষেত্রে অনলাইন আবেদনের "NYS স্কুলে পড়ায় নিশ্চিতকরণ" বিভাগে পৌঁছানোর পর আপনার স্কুলের সার্টিফিকেট আপলোড করে দিতে হবে। যে

পাঠ্যক্রমের কোড বেছে নেওয়া হবে সেইমত কোন পদ্ধতি প্রয়োজন তা সিস্টেম আপনাকে জানিয়ে দেবে।

আপনার আবেদন পুনর্বিচার করে গ্রহণ করে নেওয়ার পর, আপনি একটা ইমেল পাবেন যাতে পরীক্ষা প্রণালী সবিস্তারে জানানো হবে।

2) *New York State বা মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে শিক্ষালাভ (অস্থায়ী লাইসেন্স পাওয়ার যোগ্য)*

আপনি যদি অন্য একটা রাজ্য বা দেশের সমস্তরের স্কুল শিক্ষার দলিল পেশ করতে পারেন সেক্ষেত্রে আমরা New York State স্কুলে পড়ার প্রয়োজনীয় শর্ত মাফ করে দিতে পারি। আপনার অবশ্যই নিম্নোক্ত **সব** অর্থাৎ তিনটি দলিল জমা করতে হবে:

(1) স্কুল সার্টিফিকেট;

(2) সম্পূর্ণ করা বিষয় এবং ঘন্টার তালিকাসহ স্কুলের প্রতিলিপি; **এবং**

(3) আপনার রাজ্য বোর্ড দ্বারা জারি করা বর্তমান লাইসেন্সের সার্টিফিকেট **বা, যদি লাইসেন্স না দিয়ে থাকে,** তাহলে আপনার রাজ্য বোর্ডের বর্তমান সার্টিফিকেট, যাতে দাবি করা ঘন্টা প্রতিপাদন করা হয়েছে।

আপনার আবেদন পুনর্বিচার করে গ্রহণ করে নেওয়ার পর, আপনাকে এই রাজ্যে কস্মেটোলজির লাইসেন্স পাওয়ার জন্য আপনার New York State-এর লিখিত এবং প্রয়োগীয় দুটি পরীক্ষাতেই উত্তীর্ণ হতে হবে। আপনি একটা ইমেল পাবেন যাতে পরীক্ষা প্রণালী সবিস্তারে জানানো হবে।

3) **অভিজ্ঞতা:** *New York State-এর বাইরে 5 বছর*

যে ব্যক্তির কস্মেটোলজির সমস্তরের পেশায় পাঁচ বছরের আইনী অভিজ্ঞতা আছে তিনি শিক্ষা এবং অভিজ্ঞতার সন্তোষজনক প্রমাণ জমা করে New York State-এর লাইসেন্সের জন্য আবেদন করতে পারেন।

মার্কিন যুক্তরাষ্ট্রে অভিজ্ঞতা:

(1) আপনি এর আগে যে লাইসেন্স প্রদানকারী সংস্থার কাছ থেকে লাইসেন্স পেয়েছিলেন তার আসল সার্টিফিকেট।

(2) প্রাক্তন নিয়োগকর্তা, সহকর্মী, ক্লায়েন্টের দ্বারা পূরণ করে দেওয়া দুটি অভিজ্ঞতার বিবৃতি যাতে দাবি করা হয়েছে যে আপনার ঐ রাজ্যে অন্তত পাঁচ বছরের অভিজ্ঞতা আছে। এইসব অভিজ্ঞতায় অবশ্যই আপনার কাজের **সঠিক** তারিখ (সেবা শুরু করার মাস এবং বছর এবং সেবা শেষ করার মাস এবং বছর), স্থান (শহর, রাজ্য, দোকানের নাম) এবং আপনার করা বিশেষ কাজকর্মের উল্লেখ করতে হবে।

(3) কর বিবরণীর **কপি** যাতে কস্মেটোলজিকে পেশা হিসাবে জানানো হয়েছে।

মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে অভিজ্ঞতা:

প্রমাণে এইগুলি থাকতে পারে তবে এতেই সীমিত না:

(1) আপনার দেশের লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের কাছ থেকে আধিকারিক সার্টিফিকেশন অথবা কনসুলেটের দ্বারা প্রতিপাদন করা যে আপনার দেশে এই পেশায় কাজ করার জন্য লাইসেন্সের প্রয়োজন হয় না।

(2) আপনার দেশের নিয়োগকর্তা(দের) বিস্তারিত চিঠি যাতে চাকরির **সঠিক** তারিখ, স্থান এবং আপনার করা বিশেষ কাজকর্মের উল্লেখ করতে হবে।

(3) আপনার দেশের ক্লায়েন্ট(দের) বিস্তারিত চিঠি যাতে চাকরির **সঠিক** তারিখ, স্থান এবং আপনার করা বিশেষ কাজকর্মের উল্লেখ করতে হবে।

(4) পাসপোর্টের **কপি** যাতে কস্মেটোলজিকে পেশা হিসাবে জানানো হয়েছে, ড্রাইভার্স লাইসেন্স, কস্মেটোলজির অভিজ্ঞতাসহ ওয়ার্কবুক বা যে কোন ছবিসহ পরিচয়।

(5) আপনার দেশে সম্পূর্ণ করা শিক্ষার সার্টিফিকেট/ডিপ্লোমা এবং কোর্সের পাঠ্যক্রমের **কপি।**

(6) কর বিবরণীর **কপি** যাতে কস্মেটোলজিকে পেশা হিসাবে জানানো হয়েছে।

আপনার আবেদন পুনর্বিচার করে গ্রহণ করে নেওয়ার পর, আপনি আর কোন পরীক্ষা না দিয়ে বা আরো পড়াশোনা না করে New York State-এ কস্মেটোলজির লাইসেন্স পেতে পারেন।

4) *সাব্যস্তকরণ/পারস্পরিক অধিকার*

যে আবেদকের অন্য একটা এক্তিয়ারক্ষেত্রে কস্মেটোলজির লাইসেন্স আছে তিনি সাব্যস্তকরণ বা পারস্পরিক অধিকার সূত্রে New York-এ কস্মেটোলজির লাইসেন্স পেতে পারেন। সাব্যস্তকরণ বা পারস্পরিক অধিকার সূত্রে আপনি লাইসেন্স পাওয়ার যোগ্য কিনা জানার জন্য কস্মেটোলজি সাব্যস্তকরণ বা পারস্পরিক অধিকারের তালিকা দেখতে আমাদের ওয়েবসাইট *www.dos.ny.gov* দেখুন।

আবেদকের কাছে যে এক্তিয়ারক্ষেত্র থেকে সমস্তরের লাইসেন্স আছে তার 6 মাসের সময়সীমায় আসল সার্টিফিকেটের একটা কপি জমা করতে হবে।

5) *New York State -এর বিগত লাইসেন্স*

যে ব্যক্তি তার লাইসেন্সের তারিখে উল্লিখিত মেয়াদ শেষের পাঁচ বছরের মধ্যে পুনর্নবীকরণের জন্য আবেদন এবং ফী জমা করায় ব্যর্থ হবেন তিনি লিখিত পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া পর্যন্ত এইরূপ লাইসেন্স পাওয়ার অযোগ্য হবেন। বিগত লাইসেন্সের প্রমাণের প্রয়োজন হতে পারে।

কাগজের আবেদনে আমার কেন আমার ইমেল অ্যাড্রেস জানাতে হবে?

আপনার NYS লাইসেন্স সেন্টার অ্যাকাউন্ট খোলার জন্য আপনার ইমেল অ্যাড্রেস ব্যবহার করা হবে। ইমেলের মাধ্যমে অধিকাংশ খবরাখবর জানানো হবে। ভবিষ্যতে আপনি যদি আপনার ইমেল অ্যাড্রেস বদলে নেন তাহলে আপনার অ্যাকাউন্টে লগ ইন করে নতুন ইমেল অ্যাড্রেস হালনাগাদ করে দিতে হবে।

আমার আবেদন অনুমোদন পাওয়ার পর কিভাবে আমার পরীক্ষার সময় স্থির করব?

শুধুমাত্র আপনার অনলাইন অ্যাকাউন্টের মাধ্যমে পরীক্ষার সময় স্থির করা যাবে।

আপনার আবেদনে অনুমোদন পাওয়ার পর আপনি একটা ইমেল পাবেন যাতে আপনাকে জানানো হবে যে আপনি এখন আপনার পরীক্ষার সময় স্থির করে নিতে পারেন। আপনি যদি NYS লাইসেন্স সেন্টারের মাধ্যমে অনলাইনে আবেদন করে থাকেন তাহলে আপনার পরীক্ষার সময় স্থির করার জন্য আপনি আপনার অ্যাকাউন্টে লগ ইন করতে পারবেন। যদি আপনি ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেসের কাছে কাগজের আবেদন জমা করে আবেদন করে থাকেন, আপনার আবেদনে আপনি যে ইমেল অ্যাড্রেস জানিয়েছিলেন সেখানে ইমেল পাঠানো হবে। আপনি যদি জানিয়ে থাকেন যে আপনার পরীক্ষা দেওয়ার জন্য বিশেষ বন্দোবস্ত প্রয়োজন, সেক্ষেত্রে আপনার পক্ষ থেকে পরীক্ষার সময় স্থির করার জন্য ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেসের একজন প্রতিনিধি আপনাকে যোগাযোগ করবেন।

স্টেটের পরীক্ষার আগে আমি কি কাজ করতে পারি?

হ্যাঁ। যেসব আবেদক পরীক্ষা প্রণালী সম্পূর্ণ করাকালীন কাজ করতে চান তাদের জন্য দুটি ছয়-মাসের অস্থায়ী লাইসেন্সের ব্যবস্থা আছে। যেসব আবেদক New York State বা মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে শিক্ষালাভ করেছেন শুধু তারা অস্থায়ী লাইসেন্স পাওয়ার যোগ্য। আবেদক লিখিত বা প্রয়োগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর অস্থায়ী লাইসেন্স পুনর্নবীকরণের জন্য আবেদন করতে পারবেন। আপনি দুটি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরে, চার বছরের লাইসেন্স জারি করা হবে।

লাইসেন্স ফী এবং মেয়াদ কত?

$40- আসল আবেদনের লাইসেন্স ফী (সব আবেদকদের জন্য) । যেসব আবেদকের পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রয়োজন নেই (যেমন 5 বছরের আইনী অভিজ্ঞতা বা ইতিমধ্যে অন্য একটা রাজ্যে পারস্পরিক অধিকারে লাইসেন্স আছে), তাদের শুধু এই ফী দিতে হবে।

$10- 6 মাসের অস্থায়ী লাইসেন্স ফী।

$10- 6 মাসের অস্থায়ী লাইসেন্স পুনর্নবীকরণ ফী (আলাদা আবেদন)।

অনুগ্রহ করে নোট করবেন: যদি আসল আবেদন এবং একট অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদন করেন তাহলে আপনার একবার $50-এর আবেদনের ফী দিতে হবে। আলাদা আবেদনের ফীর প্রয়োজন নেই।

চার বছরের জন্য এই লাইসেন্স দেওয়া হয়। অস্থায়ী লাইসেন্স 6 মাসের জন্য দেওয়া হয়।

$15 - পরীক্ষার ফী (আপনি যখন অনলাইনে আপনার পরীক্ষার সময় স্থির করবেন তখন সংগ্রহ করা হবে)

আপনারা কি ধরণের পেমেন্ট নেবেন?

আপনি ডিপার্টমেন্ট অফ স্টেটের নামে চেকে বা মানি অর্ডারে পেমেন্ট করতে পারেন। এছাড়া আপনি ক্রেডিট কার্ডের অনুমতি পত্র ব্যবহার করে বা অনলাইনে আবেদন করার সময়, অ্যামেরিকান এক্সপ্রেস, মাস্টারকার্ড বা ভিসা দিয়েও পেমেন্ট করতে পারেন। নগদ অর্থ পাঠাবেন না। **আবেদনের ফী ফেরতযোগ্য না।** আপনার ব্যাঙ্ক যদি চেক ফেরত দেয় তাহলে $20 ফী দাবি করা হবে।

লাইসেন্স পাওয়ার জন্য আমার কি শারীরিক পরীক্ষা করাতে হবে?

হ্যাঁ। কস্মেটোলজির লাইসেন্স পাওয়ার জন্য আবেদন করতে হলে আপনার একজন ডাক্তার, ডাক্তারের সহযোগী বা পেশাদার নার্সকে দিয়ে পরীক্ষা করিয়ে নিতে হবে। আপনি যদি অনলাইনে আবেদন করেন তাহলে আপনার **ডাক্তার, ডাক্তারের সহযোগী বা পেশাদার নার্সে**র অবশ্যই আবেদনের হেল্থ সার্টিফিকেশন বিভাগ বা হেল্থ সার্টিফিকেশন ফর্ম (DOS-1948) সম্পূর্ণ করে দিতে হবে। ঐ সার্টিফিকেট তারিখসমেত স্বাক্ষর করে দেওয়ার 30 দিনের মধ্যে আপনার অবশ্যই আবেদন জমা করে দিতে হবে।

চাইল্ড সাপোর্টের বিবৃতি

আপনার সন্তান বা সাহায্য করার কোনরকম দায়বদ্ধতা থাকা বা না থাকা নির্বিশেষে New York State (জেনেরাল অবলিগেশন্স ল) অনুযায়ী চাইল্ড সাপোর্ট বিবৃতি জানানো আবশ্যক। **যে ব্যক্তির চাইল্ড**

সাপোর্ট দেওয়া চার মাস বা তার বেশি সময় যাবৎ বাকি পড়েছে তার ব্যবসা, পেশাদার বা ড্রাইভার্স লাইসেন্স মুলতবি করে দেওয়া যায়। পেনাল ল এর ধারা §175.35 অনুযায়ী সাহায্য করার দায়বদ্ধতা এড়াতে জেনেশুনে আইন প্রয়োগ ব্যর্থ বা বিফল করার জন্য মিথ্যা লিখিত বিবৃতি জমা করা শাস্তিযোগ্য অপরাধ। জাল করার অভিপ্রায়ে রাজ্য বা স্থানীয় সরকারের কাছে দায়ের করার জন্য মিথ্যা বিবৃতি দেওয়া ক্লাস ই স্তরের গুরুতর অপরাধ হিসাবে গণ্য হয়।

অনলাইন পরিষেবাগুলির বিষয়ে তথ্য:

আরো দ্রুত এবং সহজ প্রক্রিয়ার জন্য, ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেস আবেদকদের অনলাইনে আবেদন করার উৎসাহ দিচ্ছে। অনলাইন পরিষেবা ব্যবহার করে আপনি শীঘ্র আপনার আবেদন করতে পারবেন এবং হালখবর পাবেন এবং এর সাহায্যে আপনি লাইসেন্স প্রক্রিয়া চলাকালীন আপনার লাইসেন্স রেকর্ড দেখতে এবং অ্যাক্সেস করতে পারবেন।

আরো সম্পূর্ণ নির্দেশ এবং অন্য অনলাইন তথ্যের জন্য এখানে প্রায়শ প্রশ্নগুলি দেখুন http://www.dos.ny.gov/licensing/lc-faq.html

অনলাইনে কি কি করা যায় এবং কোন তথ্য পাওয়া যায়?

- প্রারম্ভিক আবেদন সম্পূর্ণ করুন
- আবেদনের পরিস্থিতি দেখুন
- আপনার লাইসেন্স পুনর্নবীকরণ করুন
- পরীক্ষার সময় স্থির করুন এবং ফলাফল দেখুন
- লাইসেন্সের পরিস্থিতি দেখুন
- লাইসেন্সের তথ্য সংশোধন করুন
- ডুপ্লিকেট লাইসেন্সের অনুরোধ করুন

NYS লাইসেন্স সেন্টারে (NYSLC) অ্যাকাউন্টের জন্য কিভাবে রেজিস্টার করতে হয়?

NYS লাইসেন্স সেন্টারে (NYSLC) অ্যাকাউন্টের জন্ রেজিস্টার করতে হলে আপনার প্রথমে My NY.gov-এ রেজিস্টার করতে হবে।

আপনি যদি বর্তমানে My NY.gov,-এ রেজিস্টার না করিয়ে থাকেন তাহলে My NY.gov রেজিস্ট্রেশন সাইট https://aca.licensecenter.ny.gov/aca/ a-এ গিয়ে 'আমার NY.gov আইডি চাই' লিঙ্কে ক্লিক করুন এবং My NY.gov-এ রেজিস্টার করার পদ্ধতি অনুসরণ করুন। আপনি My NY.gov-এ রেজিস্টার করার পর, My NY.gov-এ আপনি যে বিকল্পগুলি পাবেন তার মধ্যে থেকে NYS লাইসেন্স সেন্টার বিকল্প বেছে নেবেন। NYS লাইসেন্স সেন্টারে উপরে ডানদিকের কোণায় যে 'অ্যাকাউন্ট ব্যবস্থাপনা' লিঙ্ক আছে তাতে ক্লিক করে দেবেন। প্রয়োজনীয় স্থানগুলি পূরণ করে দেবেন এবং আপনার অ্যাকাউন্ট দিয়ে তৈরি করা সবকটি নতুন আবেদনে নিজে থেকে এই তথ্য লেখা হয়ে যাবে। আপনি এই তথ্য সম্পূর্ণ করে সেভ করার পর, এগিয়ে যাওয়ার জন্য 'হোম' ট্যাবে ক্লিক করে দেবেন।

আমার কাছে যদি ইতিমধ্যে My NY.gov অ্যাকাউন্ট থাকে তাহলে কি করতে হবে?

আপনি ইতিমধ্যে My NY.gov-এ রেজিস্টার হয়ে থাকলে, My NY.gov-এ গিয়ে সাইন ইন করবেন, তারপরে My NY.gov-এ আপনি যে বিকল্পগুলি পাবেন তার মধ্যে থেকে NYS লাইসেন্স সেন্টার বিকল্প বেছে নেবেন। এইভাবে আপনার NYS লাইসেন্স সেন্টার অ্যাকাউন্ট তৈরি হবে। NYS লাইসেন্স সেন্টারে উপরে ডানদিকের কোণায় যে 'অ্যাকাউন্ট ব্যবস্থাপনা' লিঙ্ক আছে তাতে ক্লিক করে দেবেন। প্রয়োজনীয় স্থানগুলি পূরণ করে দেবেন এবং আপনার অ্যাকাউন্ট দিয়ে তৈরি করা সবকটি নতুন আবেদনে নিজে থেকে এই তথ্য লেখা হয়ে যাবে। আপনি এই তথ্য সম্পূর্ণ করে সেভ করার পর, এগিয়ে যাওয়ার জন্য 'হোম' ট্যাবে ক্লিক করে দেবেন।

NYS লাইসেন্স সেন্টারে কিভাবে লাইসেন্সের জন্য আবেদন করব?

NYS লাইসেন্স সেন্টারে লাইসেন্সের জন্য আবেদন করতে হলে আপনার অবশ্যই একটা অ্যাকাউন্ট তৈরি করতে হবে বা আপনার বর্তমান অ্যাকাউন্টে লগইন করতে হবে। অনলাইনে আপনার লাইসেন্সের আবেদন করতে এই ধাপগুলি অনুসরণ করুন:

- অ্যাকাউন্ট খোলার জন্য রেজিস্টার করুন বা আপনার অ্যাকাউন্টে লগইন করুন (উপরে "NYS লাইসেন্স সেন্টারে (NYSLC) অ্যাকাউন্টের জন্য কিভাবে রেজিস্টার করতে হয়"? দেখে নেবেন)
- আপনি NYS লাইসেন্স সেন্টারে লগ ইন করার পর 'হোম' ট্যাবে 'এখন নতুন লাইসেন্স বা পার্মিটের জন্য আবেদন করুন' বেছে নেবেন
- অনলাইনে আবেদনের যে নির্দেশ জানানো হবে সেসব অনুসরণ করবেন।
- সহায়ক দলিল আপলোড করে দেবেন
- পেমেন্ট করে দেবেন এবং নিশ্চিতকরণ পৃষ্ঠা প্রিন্ট করে নেবেন।

আপনার অ্যাকাউন্টে লগ ইন করে আপনি আপনার আবেদনের পরিস্থিতি দেখতে পারবেন।

আমি অনলাইনে কিভাবে অতিরিক্ত লাইসেন্স তৈরি করব?

অতিরিক্ত লাইসেন্সের আবেদন করার জন্য আপনার অ্যাকাউন্টে লগইন করে 'আমার লাইসেন্সের ব্যবস্থাপনা করুন' ট্যাবে ক্লিক করবেন এবং তারপরে 'নতুন লাইসেন্স বা পার্মিটের জন্য এখন আবেদন করুন!' লিঙ্ক বেছে নেবেন। নিয়ম এবং শর্তাবলী পড়ে নেবেন এবং তারপর সিস্টেম আপনাকে পথ দেখাবে।

আমি অনলাইনে কিভাবে লাইসেন্স পুনর্নবীকরণ করব?

আপনার কাছে যদি বর্তমানে NYS লাইসেন্স সেন্টারের অ্যাকাউন্ট থাকে, আপনার লাইসেন্স ফুরিয়ে যাওয়ার সময় থেকে তিন মাস আগে আপনি ইমেলে পুনর্নবীকরণের নোটিশ পাবেন। সেই ইমেলে আপনার অ্যাকাউন্টের লিঙ্ক থাকবে। লিঙ্কে ক্লিক করে পুনর্নবীকরণের আবেদন করবেন।

আপনার কাছে যদি বর্তমানে NYS লাইসেন্স সেন্টারের অ্যাকাউন্ট না থাকে, আপনার লাইসেন্স ফুরিয়ে যাওয়ার তিন মাস আগে আপনি ইমেলে পুনর্নবীকরণের নোটিশ পাবেন। এই নোটিশে NYS লাইসেন্স সেন্টারে অ্যাকাউন্ট খোলার নির্দেশ থাকবে।

অনলাইন সিস্টেমে আমার ব্যবহারকারীর পরিচয় অর্থাৎ ইউজার আইডি কি?

My NY.gov,-এ আপনি যখন আপনার অ্যাকাউন্ট খুলবেন তখন আপনার অনন্য ইউজার আইডি তৈরি করে নেবেন এবং আপনার ইমেল অ্যাড্রেস ব্যবহার করবেন। তারপর ইউজার আইডি দিয়ে আপনি আপনার অ্যাকাউন্ট অ্যাক্সেস করতে পারবেন।

আমার অনলাইন অ্যাকাউন্টের তথ্য কিভাবে হালনাগাদ করব?

দুটো জায়গায় আপনার অনলাইন অ্যাকাউন্টের তথ্য হালনাগাদ করে দিতে হবে। আপনার My NY.gov-এ এবং আপনার NYS লাইসেন্স সেন্টার অ্যাকাউন্টে আপনার তথ্য হালনাগাদ করতে হবে।

My NY.gov-এ, আপনার অ্যাকাউন্টের ব্যবস্থাপনার তথ্যের জন্য প্রায়শ প্রশ্ন দেখুন।

আপনার NYS লাইসেন্স সেন্টার অ্যাকাউন্টে লগইন করবেন, উপরের সারিতে 'আমার লাইসেন্সগুলির ব্যবস্থাপনা করুন' নামের একটা লিঙ্ক দেখতে পাবেন। সেখান থেকে আপনি যোগযোগে পরিবর্তন সংশোধন সম্পূর্ণ করে আপনার ্যাকাউন্টের তথ্য হালনাগাদ করতে পারবেন।

আমি অনলাইনে আবেদন করছি, আমার শারীরিক পরীক্ষার বিষয়ে এই ডিপার্টমেন্টকে কিভাবে জানাব?

কস্মেটোলজির লাইসেন্স পাওয়ার আবেদন করতে হলে সব আবেদকের একজন ডাক্তার, ডাক্তারের সহযোগী বা পেশাদার নার্সকে দিয়ে পরীক্ষা করিয়ে নিতে হবে। একজন ডাক্তার, ডাক্তারের সহযোগী বা পেশাদার নার্স পরীক্ষা করার পর 30 দিনের মধ্যে লাইসেন্সের আবেদন জমা করে দিতে হবে এবং ঐ আবেদনে তাদের নাম এবং যোগাযোগের তথ্য জানাতে হবে। হেল্থ সার্টিফিকেশন ফর্ম (DOS-1948) পূরণ করে দিতে হবে এবং ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট থেকে সেটা ডাউনলোড করা যায়।

NYS লাইসেন্স সেন্টার দিয়ে আপনার অনলাইন আবেদনে আপনার অবশ্যই সম্পূর্ণ করা হেল্থ সার্টিফিকেশন ফর্মের তথ্য জানাতে হবে। আপনার এই পত্র থেকে তথ্য নিয়ে সিস্টেমের হেল্থ সার্টিফিকেশনের জায়গাগুলিতে তথ্য জানাতে হবে।

অনুগ্রহ করে নোট করবেন: এই প্রয়োজনীয় শর্তপূরণ করা হচ্ছে কিনা সুনিশ্চিত করার জন্য একজন অনুসন্ধানকারী এই সম্পূর্ণ করা হেল্থ সার্টিফিকেশন ফর্ম পরীক্ষা নিরীক্ষা করে দেখবেন। পরীক্ষা নিরীক্ষার জন্য আপনার কর্মস্থলে অবশ্যই এই ফর্মের প্রমাণ রাখতে হবে।

<u>গোপনীয়তা রবিজ্ঞপ্তি</u>

আবেদনে আমার কি আমার সোশাল সিকিওরিটি এবং ফেডেরাল আইডি নম্বর জানাতে হবে?

হ্যাঁ। আপনার কাছে যদি সোশাল সিকিওরিটি নম্বর বা ফেডেরাল আইডি নম্বর থাকে তাহলে আপনাকে অবশ্যই সেই নম্বর জানাতে হবে। আপনার কাছে যদি সোশাল সিকিওরিটি নম্বর বা ফেডেরাল আইডি নম্বর না থাকে তাহলে অনুগ্রহ করে লিখিত কৈফিয়ত জানাবেন।

ডিপার্টমেন্ট অফ স্টেটের সব লাইসেন্সপ্রাপকদের ফেডেরাল সোশাল সিকিওরিটি এবং এমপ্লই আইডেন্টিফিকেশন নম্বর সংগ্রহ করতে হয়। ট্যাক্স ল-এর §5 এবং জেনেরাল অবলিগেশন্স ল-এর §3-503-এ এই প্রকারের ব্যক্তিগত তথ্যের অনুরোধ করা এবং রাখার অধিকারের উল্লেখ আছে। আপনি এইগুলি জানাতে বাধ্য। যেসব ব্যক্তি, ব্যবসা এবং অন্যান্যরা কর বিবরণী দায়ের করার ব্যাপারে অপরাধ করে বা স্ব স্ব করের দায় কম মূল্যায়ন করে তাদের সনাক্ত করা এবং যেসব ব্যক্তি কমিশনার অফ ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্সের পরিচালিত কর দ্বারা প্রভাবিত সাধারণভাবে তাদের সনাক্ত করায় ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশন এবং ফাইন্যান্সের সুবিধার জন্য এই তথ্য সংগ্রহ করা হয়। কর বন্দোবস্তের উদ্দেশ্যে এবং ট্যাক্স ল দ্বারা অনুমোদিত অন্য কোন উদ্দেশ্যসাধনের জন্য এটা ব্যবহার করা হবে এবং তাছাড়া সাপোর্টের আদেশ চালু, পরিবর্ধন বা বলবৎ করার জন্য সোশাল সিকিওরিটি অ্যাক্টের টাইটেল IV-D অনুসারে স্থাপিত এই বা অন্যান্য রাজ্যের চাইল্ড সাপোর্ট প্রয়োগকারী সংস্থা বা তাদের অনুমোদিত প্রতিনিধিরা এটা ব্যবহার করতে পারে তবে জনসাধারণ এসব পাবে না। যখন কোন নম্বর জানানো হয় না সেক্ষেত্রে লিখিত কৈফিয়ত দেওয়া প্রয়োজন। ডায়রেক্টর অফ অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট One Commerce Plaza, 99 Washington Avenue, Albany, NY 12231-0001-এ লাইসেন্সিং ইনফর্মেশন সিস্টেমে এই তথ্য রেখে দেওয়া হবে।

WOULD YOU LIKE TO REGISTER TO VOTE?

Please visit the NY State Board of Elections at www.elections.ny.gov/votingregister.html or call **1-800-FOR-VOTE** to request a NYS Voter Registration form.

To register online, please visit www.ny.gov/services/register-vote.

NEW YORK STATE OF OPPORTUNITY. | Division of Licensing Services

New York State
ডিপার্টমেন্ট অফ স্টেট
ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেস
রূপ বর্ধন
P.O. BOX 22049
Albany, NY 12201-2049
গ্রাহক পরিষেবা: (518) 474-4429
www.dos.ny.gov

কস্মেটোলজির আবেদন

আবেদন সম্পূর্ণ করার আগে সাবধানে নির্দেশগুলি পড়ে নিন। আপনার প্রত্যেকটা প্রশ্ন পড়ে কালি দিয়ে উত্তর জানাতে হবে।

অনুগ্রহ করে যোগ্যতার নিম্নোক্ত বিকল্পগুলির মধ্যে থেকে একটা বেছে নিন।
এর ভিত্তিতে আমি লাইসেন্সের আবেদন করছি ($40 আবেদনের ফী দিতে হয়):

_______ 1 New York State এডুকেশন অ্যান্ড এক্সামিনেশন (1,000 ঘন্টা অধ্যয়নের অনুমোদিত কোর্স সম্পূর্ণ করা হয়েছে)
_______ 2 New York State-এর বিগত লাইসেন্স– লাইসেন্স ইউআইডি #____________ মেয়াদ শেষের তারিখ__________
_______ 3 New York State বা মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে শিক্ষালাভ (অস্থায়ী লাইসেন্স পাওয়ার যোগ্য)
_______ 4 অভিজ্ঞতা: New York State বা মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে 5 বছর রাজ্য__________ দেশ__________
_______ 5 সাব্যস্তকরণ/পারস্পরিক অধিকার-রাজ্যের নাম জানান__________

আপনি যদি উপরের বিকল্প 1, 2 বা 3 বেছে থাকেন তাহলে আপনি ছয় মাসের অস্থায়ী লাইসেন্সের আবেদন করতে পারেন (অতিরিক্ত $10 ফী দিতে হয়) যার ফলে আপনি New York State পরীক্ষা দেওয়ার সময় আপনি কাজ করতে পারবেন।

_______ **আমি ছয় মাসের অস্থায়ী লাইসেন্সের অনুরোধ করছি। ($40 + $10 = $50 আবেদনের ফী দিতে হয়)**

আপনি যদি উপরের বিকল্প 1, 2 বা 3 বেছে থাকেন তাহলে আপনাকে একটা লিঙ্ক ইমেল করা হবে যাতে আপনার আবেদনে অনুমোদন পাওয়ার পর আপনি পরীক্ষার সময় স্থির করে নিতে পারেন।

_______ **আমার পরীক্ষা দেওয়ার জন্য বিশেষ বন্দোবস্ত প্রয়োজন**

আপনার যদি শেখায় অক্ষমতা বা কোন শারীরিক, মানসিক বা মনস্তাত্বিক অক্ষমতা থাকে এবং পরীক্ষা দেওয়ার জন্য বিশেষ বন্দোবস্তের অনুরোধ করেন তাহলে আপনার আবেদনের সঙ্গে অবশ্যই একটা সম্পূর্ণ করা “বিশেষ পরীক্ষার বন্দোবস্তের” ফর্ম (DOS-1591) জমা করতে হবে। এছাড়াও আপনার ডাক্তার, অন্য যোগ্য পেশাদারের কাছ থেকে সহায়ক দলিল অথবা স্কুল বা অন্য প্রতিষ্ঠানে আগেকার উপযোজনের প্রমাণ জমা করতে হবে যাতে আপনার অবস্থার বর্ণনা এবং যে পরিবর্ধনের অনুরোধ করা হয়েছে তার ব্যাখ্যা জানাতে হবে। আপনার আবেদনে অনুমোদন পাওয়ার পর আপনার পরীক্ষার সময় স্থির করার জন্য NYS-এর একজন প্রতিনিধি আপনাকে যোগাযোগ করবেন।

কস্মেটোলজির আবেদন

আবেদকের তথ্য

প্রথম নাম	শেষ নাম	মাঝের নাম	প্রত্যয়

বাড়ির ঠিকানা (রাস্তার নাম এবং রাস্তা নম্বর জানাবেন)	সুইট, অ্যাপা. ইউনিট

শহর	রাজ্য	জিপ+4	কাউন্টি	দেশ

ডাক ঠিকানা (এখানে পোস্ট বাক্স জানান)

শহর	রাজ্য	জিপ+4	কাউন্টি	দেশ

ইমেল ঠিকানা	সোশাল সিকিওরিটি নম্বর	ফেডেরাল ট্যাক্সপেয়ার আইডি

জন্ম তারিখ	বাড়ির ফোন	মোবাইল ফোন	কর্মস্থলের ফোন

স্বাস্থ্যের সার্টিফিকেট আপনার শারীরিক পরীক্ষার **30 দিনের** মধ্যে আপনার অবশ্যই আবেদন জমা করে দিতে হবে।

আমি একজন যথাযথ লাইসেন্সপ্রাপ্ত ডাক্তার, ডাক্তারের সহযোগী বা পেশাদার নার্স এবং এই আবেদনে যে ব্যক্তির উল্লেখ করা হয়েছে তার রুটিনমত পরীক্ষা করার ~~পর *(পরীক্ষার তারিখ)*~~ আমি এমন কোন সংক্রামক বা ছোঁয়াচে রোগের উপস্থিতির প্রমাণ পাইনি যা আবেদকের পেশায় কাজ করতে গিয়ে সর্বসাধারণের স্বাস্থ্য বা নিরাপত্তার জন্য গুরুতর আশঙ্কা বা প্রত্যক্ষ ক্ষতির কারণ হতে পারে।

ডাক্তারের নাম লিখবেন ______________________________

কাজের জায়গার ঠিকানা ______________________________

____

ডাক্তারের স্বাক্ষর ______________________________ *তারিখ* ______________

কস্মেটোলজির আবেদন

চাইল্ড সাপোর্টের বিবৃতি

এই আবেদনে স্বাক্ষর করে, আমি প্রতিপাদন করছি যে এই আবেদনের তারিখ পর্যন্ত, আমার চাইল্ড সাপোর্ট দেওয়ার কোনরকম দায়বদ্ধতা নেই বা যদি আমার চাইল্ড সাপোর্ট দেওয়ার দায় থাকে সেক্ষেত্রে চার বা তার বেশি মাস যাবৎ আমার চাইল্ড সাপোর্ট দেওয়া বাকি নেই, বা আয় নিষ্পাদন বা আদালতের দ্বারা নির্ধারিত পেমেন্ট বা রিপেমেন্ট প্ল্যান বা পক্ষগুলির দ্বারা নির্ধারিত প্ল্যানে আমি পেমেন্ট করছি বা আমার চাইল্ড সাপোর্টের দায়িত্ব আদালতে মুলতবি মামলা সাপেক্ষ আছে, বা আমি সরকারি সাহায্য বা সম্পূরক সিকিওরিটি ইনকাম পাচ্ছি।

আবেদকের নিশ্চিতকরণ - অপরাধে শাস্তির আইনের অধীন আমি নিশ্চিত করছি যে এই আবেদনের যে বিবৃতি জানানো হয়েছে সেসব সত্য এবং নির্ভুল। আমি আরো নিশ্চিত করছি যে আমি জেনেরাল বিজনেস ল-র ধারা 27-এর বিধান এবং তাতে ঘোষণা করা প্রবিধান পড়েছি এবং বুঝেছি।

X______________________________________ ______________________________

আবেদকের স্বাক্ষর *তারিখ*

আপনি যদি New York State এডুকেশন অ্যান্ড এক্সামিনেশনের ভিত্তিতে আবেদন করেন, আপনার <u>স্কুলের ডায়রেক্টার বা প্রিন্সিপালের</u> নিম্নোক্ত অংশ পূরণ করে দিতে হবে:

নিউ ইয়র্ক স্টেট দ্বারা অনুমোদিত স্কুলের নিশ্চিতকরণ

স্কুলের নাম		
স্কুলের ঠিকানা (রাস্তার নাম এবং রাস্তা নম্বর জানাবেন)		
শহর	রাজ্য	জিপ+4
স্কুলের পাঠ্যক্রমের কোড (NYS ডিপার্টমেন্ট অফ স্টেট দ্বারা নির্ধারিত পাঁচ সংখ্যার কোড)		
স্কুলের ডায়রেক্টার বা প্রিন্সিপালের সম্পূর্ণ নাম (লেখা)	খেতাব (ডায়রেক্টার বা প্রিন্সিপাল)	
আবেদকের সম্পূর্ণ নাম (লেখা)		

কস্মেটোলজির আবেদন

শাস্তিমূলক অপরাধের আইনের অধীন আমি নিশ্চিত করছি যে উপরোক্ত স্কুল এডুকেশন ল-এর §5001 অনুসারে যথাযথ লাইসেনপ্রাপ্ত এবং/বা State of New York-এর বোর্ড অফ রিজেন্টসের দ্বারা অনুমোদিত। এই আবেদনে যে ব্যক্তির নামোল্লেখ আছে তিনি *(তারিখে)* সফলভাবে 1000 ঘন্টা অধ্যয়নের অনুমোদিত কোর্স সম্পূর্ণ করেছেন। ____________________

______________________________ ______________________________

স্কুলের ডায়রেক্টার/প্রিন্সিপালের স্বাক্ষর *তারিখ*

স্কুলের সীলমোহর

অনুগ্রহ করে এই আবেদনের সঙ্গে মনে করে আপনার আবেদনের ফী (যা NYS ডিপার্টমেন্ট অফ স্টেটকে দিতে হবে) – আবেদন এবং অস্থায়ী লাইসেন্সের জন্য $50; বা শুধু আবেদনের জন্য $40 ছাড়াও প্রয়োজনমত ব্যাখ্যা এবং বিবৃতি জমা করবেন। আপনার ব্যাঙ্ক যদি চেক ফেরত দেয় তাহলে $20 ফী দাবি করা হবে। আপনি যদি ক্রেডিট কার্ড দিয়ে পেমেন্ট করতে চান, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট www.dos.ny.gov -এ গিয়ে একটি ক্রেডিট কার্ডের অনুমতি পত্র নিয়ে পূরণ করে এই আবেদনের সঙ্গে ফেরত দেবেন।

আপনার বাসস্থান এবং ইমেল অ্যাড্রেসে কোন পরিবর্তন হলে বিভাগকে তার ব্যাপারে জানিয়ে দেওয়া জরুরী যাতে আপনি আপনার লাইসেন্স সংক্রান্ত পুনর্নবীকরণের নোটিশ এবং অন্য বিজ্ঞপ্তি পেতে পারেন।